



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০১.৩২.০০২.১৭-১৮-২৪

তারিখ: ২৭ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি (২য় বার)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ৩য়, ৫ম ও ৭ম পর্বে পুনঃভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের পুনঃভর্তির তারিখ প্রতিষ্ঠান জরিমানা ২৫০০ টাকাসহ ২৪/০৯/২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত সময় বর্ধিত করা হলো। বর্ণিত তারিখের মধ্যে প্রাপ্ত পুনঃভর্তির আবেদনপত্রসমূহের নির্ধারিত ছক আকারে তথ্যাদি পূরণসহ শিক্ষার্থীদের আবেদনের সাথে প্রয়োজনীয় ডকুমেন্টস (সাধারণ নিয়মাবলীতে বর্ণিত ডকুমেন্টস) সংযুক্তপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষের দপ্তর হতে বাহক মারফত ২৫-২৬ সেপ্টেম্বর, ২০১৯খ্রি: তারিখের মধ্যে পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবর জমা প্রদান করতে অনুরোধ জানানো হলো।

নির্ধারিত ছক:


প্রতিষ্ঠান কোড ও নাম:			প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর:					
প্রতিষ্ঠানের ই-মেইল ঠিকানা:								
ক্রম নং:	শিক্ষার্থীর নাম	টেকনোলজি	রোল নং	পর্ব	শিফট	রেজিস্ট্রেশন নং	সেশন	যে প্রবিধানের আওতায় ভর্তি হয়েছে তার নাম (২০১০/২০১৬)

পুনঃভর্তির সাধারণ নিয়মাবলী:

- ১। পুনঃভর্তির আবেদনের সাথে রেজিস্ট্রেশন কার্ড এবং পূর্ববর্তী পর্বের প্রবেশ পত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ২। ৩য় পর্বে পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের আবশ্যিকভাবে প্রবিধান ২০১৬ অনুসরণ করতে হবে।
- ৩। ৫ম পর্বে পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬ (যার জন্য যেটি প্রযোজ্য) অনুসরণ করতে হবে।
- ৪। ৭ম পর্বে পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের প্রবিধান ২০১০ অনুসরণ করতে হবে।
- ৫। প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬-এর ৪.১৪.৪ ধারায় বর্ণিত অকৃতকার্য কোন শিক্ষার্থী ৫ম ও ৭ম পর্বে পুনঃভর্তি হতে চাইলে তাদের ক্ষেত্রে প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬-এর ৪.১৪.৫ ধারা মোতাবেক ৫ম ও ৭ম পর্বে সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি প্রদানের প্রমাণকসহ আবেদন করতে হবে।
- ৬। প্রবিধান ২০১০-এর সংশোধিত ধারা ৪.১৪.৪ এবং প্রবিধান ২০১৬-এর ধারা ৪.১৪.৪ মোতাবেক ৪র্থ ও ৬ষ্ঠ পর্বে ৪(চার) বা ততোধিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীগণ পরবর্তিতে সংশ্লিষ্ট পর্বে ৪র্থ ও ৬ষ্ঠ পর্বে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণের পর অন্তীর্ণ হলে তারা পুনঃভর্তিকৃত প্রতিষ্ঠানের ৪র্থ ও ৬ষ্ঠ পর্বের অনিয়মিত শিক্ষার্থী হিসেবে গণ্য হবে এবং পরবর্তি পর্বে অধ্যয়নের প্রদেয় পুনঃভর্তির আদেশ বাতিল বলে গণ্য হবে এবং প্রবিধান ২০১০-এর সংশোধিত ধারা ৪.১৪.৪ এবং প্রবিধান ২০১৬-এর ধারা ৪.১৪.৪ মোতাবেক ব্যবস্থা নিতে হবে।
- ৭। প্রতিষ্ঠানে পুনঃভর্তির আবেদন প্রাপ্তির পর আবেদন প্রবিধানের আলোকে যাচাই-বাছাই করে পুনঃ ভর্তিতে ইচ্ছুক শিক্ষার্থীদের পুনঃ ভর্তি ফি বাবদ শিক্ষার্থী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে মোট টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকূলে ব্যাংক ড্রাফট করতে হবে।
- ৮। শিক্ষার্থীর সংখ্যা ০৫ জনের বেশী হলে সফটকপি ওয়ার্ড ফাইলে (সিডি) করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিঃদ্র: পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের নির্ধারিত ছক আকারে তথ্যাদি পূরণসহ আবেদনের সাথে রেজিস্ট্রেশন কার্ড এবং পূর্ববর্তী পর্বের প্রবেশ পত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি, সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি প্রদানের প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে) সংযুক্তসহ সমুদয় টাকার ব্যাংক ড্রাফট ২৫-২৬ সেপ্টেম্বর, ২০১৯খ্রি: তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জমা প্রদান করতে হবে। উল্লিখ্য প্রতিটি প্রতিষ্ঠানের মোট পুনঃ ভর্তি শিক্ষার্থীর জন্য মোট টাকার একটি মাত্র ব্যাংক ড্রাফট হবে এবং একবারই জমা দিবেন। ২৫-২৬ সেপ্টেম্বর, ২০১৯খ্রি: তারিখের পরে কোন আবেদন এবং ব্যাংক ড্রাফট জমা নেয়া হবে না।

- ২৫-২৬ সেপ্টেম্বর, ২০১৯খ্রি: তারিখের পরে পুনঃভর্তির কোন আবেদনে সুপারিশ করে বোর্ডে প্রেরণ না করার জন্য সকল অধ্যক্ষ মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মোঃ নূরুল ইসলাম
পরিচালক (কারিকুলাম)

তারিখ: ১১/০৯/২০১৯খ্রি:

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০১.৩২.০০২.১৭-১৮-২৪ (৫০৪)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬-৫০০। অধ্যক্ষ.....।
- ৫০১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তি জরুরী ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানান হল)।
- ৫০২। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫০৩। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫০৪। নথি।


প্রকৌশলী মোঃ ফারুক রেজা
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
ফোন: ৯১২৫৩৬৫

ইমেইল: bteb.dip@gmail.com